



W B C L A

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XII,

January 2002 — June 2002

No. 1 & 2

সম্পাদকীয়

গত ২৪শে মার্চ, ২০০২ কলকাতার বিদ্যাসাগর কলেজে পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির অষ্টাদশ বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সমিতির সভাপতি শ্রী শত্ৰুনাথ ব্যানার্জী মহাশয় সভা পরিচালনার দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করেন। সাধারণ সম্পাদক শ্রী রণজিত কুমার হাজরা মহাশয় তাঁর বার্ষিক প্রতিবেদনে বিগত দিনে সমিতির কার্যাবলী, সাফল্য, নানাবিধ সমস্যা ইত্যাদি দিকগুলি সুস্পষ্টভাবে তুলে ধরেন।

বিগত দুইদশক ধরে পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির নেতৃত্বে কলেজ গ্রন্থাগারিকগণ বিভিন্ন পেশাগত দাবী-দাওয়া আদায়ের জন্য আন্দোলন চালিয়ে যাচ্ছেন। দীর্ঘ আন্দোলন, সরকারী দপ্তরে তদ্বির-তদারক ও বিশ্ববিদ্যালয় গুলিতে ডেপুটেশন ইত্যাদির মাধ্যমে সমিতি, কলেজ গ্রন্থাগারিকদের অনেক সমস্যার সমাধান করতে পারলেও মূল সমস্যাগুলি যথা পদমর্যাদা, চাকুরির শর্তাবলী, নতুন ইউ. জি. সি. বেতনক্রমে শিক্ষকদের অনুরূপ প্রমোশন পদ্ধতি (৫/৬ বৎসর), অবসরপ্রাপ্ত গ্রন্থাগারিকদের জন্য লিভ্ এনক্যাশমেন্ট বা লিভ্ রিফিউসাল এর সুবিধা ইত্যাদির সমাধান এখনও রয়ে গেছে।

বর্তমানে নতুন কার্যকরী সমিতি (২০০২-২০০৪) অত্যন্ত উদ্বেগের সঙ্গে এই সমস্যাগুলির কথা চিন্তা ভাবনা করছে এবং উক্ত সমস্যাগুলির সমাধান করার ব্যাপারে আন্তরিকভাবে যত্নবান হয়েছে। আশা করি দ্রুত এই সমস্যাগুলির সমাধান করা সম্ভব হবে। কারণ ইতিমধ্যে, এ ব্যাপারে কাজ অনেকটা এগিয়েছে। সমিতির সাংগঠনিক শক্তিকে আরও মজবুত করার প্রয়াস নেওয়া হচ্ছে। সমিতি, কলেজ স্ট্রীটস্থ অফিসঘরটি (৮০, সীতারাম ঘোষ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯) সংস্কার করে সাংগঠনিক কাজকর্ম পূর্ণ উদ্যমে শুরু করেছে। সমিতির নেতৃত্ব ইতিমধ্যে রাজ্য উচ্চশিক্ষা দপ্তরে নতুন বেতন ক্রমের প্রমোশন পদ্ধতি, বাঞ্চিং ইনক্রিমেন্ট, লিভ্ রিফিউসাল বা এনক্যাশমেন্ট প্রভৃতি পেশাগত সুবিধাগুলি আদায়ের জন্য কয়েকদফা স্মারকলিপিসহ ডেপুটেশন দিয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকেও সংশ্লিষ্ট বিষয়ে চিঠি দিয়ে পুনরায় অবগত করা হয়েছে। বর্তমান কর্মসমিতি সর্বভারতীয় কলেজ গ্রন্থাগারিকদের মধ্যে একটি সমন্বয় সাধন করার প্রয়াস নিয়েছে এবং বিভিন্ন রাজ্যে কলেজ গ্রন্থাগারিকদের নেতৃত্বের সংগে কলেজ গ্রন্থাগারিকদের সমস্যা সমাধানের ব্যাপারে কথাবার্তা শুরু